দৈনিক বাংলা

17/11/79

পৃষ্ঠা

121

240

ঢাকা বিশ্ববিদ্যালয় 17/11/79

# ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৭৯-৮০ শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগের স্নাতক সম্মান ও ইন্ডাস্ট্রিয়াল আর্টস গ্রুপে বিএসসি পাস কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান, বিজ্ঞান অনুষদের ডীন (ইন্ডাস্ট্রিয়াল আর্টস গ্রুপে ভর্তির ক্ষেত্রে) বা সমাজকল্যাণ ইনস্টিটিউটের পরিচালকের দফতর থেকে (সমাজকল্যাণ বিষয়ে ভর্তির ক্ষেত্রে) প্রাপ্তব্য নির্ধারিত আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় দলিল দি সহ সর্বশেষ ২৯শে নবেম্বর, ১৯৭৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দফতরে জমা দিতে হবে।

যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগ অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কমপক্ষে মোট ৪০০ নম্বর (গ্রেস নম্বর ছাড়া) ও মাধ্যমিক পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগ এবং প্রার্থী যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সেই বিষয়ে বা অনুমোদিত সমন্বয়যুক্ত বিষয়ে ৫৫% নম্বর পেয়েছে তারাই কেবল ভর্তির জন্য আবেদন করতে পারবে। যারা জিসিই অর্ডিনারী লেভেলে অন্ততঃ তিনটি এবং এডভান্সড লেভেলে অন্ততঃ দুইটি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির জন্য অন্যান্য শর্তাবলী ছাড়াও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজী অথবা বাংলায় ৫০% নম্বর প্রাপ্ত হতে হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং একটি বিভাগীয় লিখিত পরীক্ষার ভিত্তিতে বিভিন্ন বিভাগে ভর্তির জন্য ছাত্র-ছাত্রী নির্বাচন করা হবে। লিখিত পরীক্ষার তারিখ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ঘোষণা করা হবে।

আবেদনকারীকে অবশ্যই তার আবেদনপত্রের সাথে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র বা জিসিই অর্ডিনারী ও এডভান্সড লেভেলে পরীক্ষা উত্তীর্ণের সত্যায়িত সনদ সংযোজিত করতে হবে।

জি—৩২৯৯